৫৭

দৈনিক বাংলা

তারিখ 09 MAR 1997
পৃষ্ঠা ২ কলাম ২

# এসএসসি পরীক্ষার ২য় দিনেও সহস্রাধিক বহিষ্কার

**স্টাফ রিপোর্টার:** চলতি এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে শনিবার দেশের ৫টি বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে এক হাজার ৩৬৯ জনকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল ছিল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা।

কেন্দ্রীয়ভাবে পরীক্ষা মনিটরিং করার কোন ব্যবস্থা না থাকায় বহিষ্কার সম্পর্কে সঠিক তথ্য জানা সম্ভব হয়নি। তবে কোন পরীক্ষা কেন্দ্রে গোলযোগের কোন খবর পাওয়া যায়নি।

ঢাকা বোর্ডের কন্ট্রোল রুম জানায়, ১৭টি জেলার মধ্যে ১৪টি জেলায় বহিষ্কৃতের সংখ্যা ১৫৮ জন। কন্ট্রোল রুম রাত ১১টা পর্যন্ত ঢাকা, গোপালগঞ্জ এবং নেত্রকোনা জেলার পরীক্ষায় বহিষ্কৃতের সংখ্যা দিতে পারেনি। অন্যান্য জেলার মধ্যে টাঙ্গাইলে ২৯ জন, কিশোরগঞ্জ- ২৪ জন, গাজীপুরে- ১৬, জামালপুর- ১৫, শেরপুর-১৪, মাদারীপুর-১৪, ফরিদপুর-১২, নরসিংদী-৯, মানিকগঞ্জ-৮, ময়মনসিংহ-৭, মুন্সিগঞ্জ-৩, রাজবাড়ি-৩, শরিয়তপুর-৩ ও নারায়ণগঞ্জে-১ জন।

রাজশাহী ব্যুরো জানায়, এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে শনিবার রাজশাহী বোর্ডের আওতাধীন ১৬টি জেলায় ৯১০ জন

(৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষার ২য় দিনেও সহস্রাধিক বহিষ্কার

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে দিনাজপুর জেলায় ২৮১ জন, রাজশাহী ১০৭ জন, রংপুর-৭৯ জন, গাইবান্ধা-৭৬ জন, বগুড়া-৬৮ জন, সিরাজগঞ্জ-৫৫ জন, কুড়িগ্রাম-৫৩ জন, জয়পুরহাট-৩৬ জন, নীলফামারী-৩৭ জন, চাঁপাইনবাবগঞ্জ- ২৮ জন, পাবনা- ২৭, পঞ্চগড়-১৬, লালমনিরহাট- ১৬, নওগাঁ-২২ জন, ও নাটোর- ১২ জন।

কুমিল্লা বোর্ডে অসদুপায় অবলম্বরেনর জন্য ১৯৭ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে কুমিল্লায়-৯০ জন, চাঁদপুরে- ৩১ জন, নোয়াখালী-২৯ জন, ব্রাহ্মণবাড়িয়া-২৫ জন, সিলেট- ১৪ জন, মৌলবীবাজার-৫ জন, ও হবিগঞ্জে-৩ জন।

চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষায় শনিবার ৯২ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে চট্টগ্রাম মহানগরীতে ৫ জন এবং মহানগর বাইরে ৮৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

যশোর ব্যুরো জানায়, শনিবার যশোর বোর্ডের অধীনে ১৬টি জেলায় এসএসসি পরীক্ষার ২য় দিনে কতজন বহিষ্কার হয়েছে এই তথ্য বোর্ড কর্তৃপক্ষের কাছে নেই। সন্ধ্যার পর যশোর বোর্ড কর্তৃপক্ষ অফিস বন্ধ করে চলে যাওয়ায় কোন তথ্য জানা যায়নি। বোর্ডের একজন কর্মকর্তার সঙ্গে বাসায় যোগাযোগ করলে তিনি জানান, ১২ জন বহিষ্কৃত হয়েছে। এটি কোন জেলার পরিসংখ্যান তিনি তা জানাতে পারেননি।